দৈনিক জনকণ্ঠ

52

তারিখ 31 JAN. 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

## ক্যাম্পাসে প্রবল উত্তেজনা

# বাংলা একাডেমীতে কয়েকটি স্টলে অগ্নিসংযোগ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বাংলা একাডেমীর চারটি স্টলে মঙ্গলবার একদল যুবক আগুন ধরিয়ে দেয়। বইমেলার উদ্বোধনী মঞ্চ পেট্রল দিয়ে জ্বালানোর চেষ্টা করলে পুলিশ তাদের নিবৃত্ত করে। এদিকে

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## বাংলা একাডেমীতে

(প্রথম পৃষ্ঠার পর)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিস্থিতি অবনতির দিকে এগিয়ে চলছে। প্রধানমন্ত্রীর বইমেলা উদ্বোধন সম্পর্কে যে আপত্তি ও বিতর্ক চলে আসছে তারই জের ধরে এসব ঘটনা ঘটছে বলে জানা যায়।

প্রত্যক্ষদর্শী জানায়, সন্ধ্যা সোয়া ছ'টায় বাংলা একাডেমী সংলগ্ন ১৮৮, ১৮৯, ১৯০ ও ১৯১নং স্টলে একদল যুবক পেট্রল ছিটিয়ে আগুন ধরিয়ে দেয়। এক পর্যায়ে তারা একাডেমী চত্বরে প্রবেশ করে উদ্বোধনী মঞ্চে পেট্রল ঢেলে আগুন ধরানোর চেষ্টা করে। পুলিশী বাধার মুখে যুবকরা ঘটনাস্থল ত্যাগ করে। তবে পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। ঘটনাস্থল থেকে একটি পেট্রলের কনটেনার উদ্ধার করা হয়েছে।

এ ঘটনার প্রতিবাদে স্টল মালিকরা সন্ধ্যায় প্রতিবাদ মিছিল বের করেন। এ সময় তাঁরা নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। একাডেমী চত্বরে বাড়তি পুলিশ মোতায়েন করা হয়েছে।

এদিকে বইমেলায় প্রধানমন্ত্রীর আগমনের পক্ষে ও বিপক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন ক্যাম্পাস শ্লোগানমুখর করে তোলে। উভয়পক্ষের বক্তব্য ছিল উস্কানিমূলক ও পরস্পরবিরোধী।